জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির সহায়ক কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক ও দাপ্তরিক কাজের মানোন্নয়ন লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালা

শামসুল আলম,ঠাকুরগাঁও:: ঠাকুরগাঁওয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণের প্রশাসনিক ও দাপ্তরিক কাজের মানোন্নয়ন লক্ষ্যে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়। সোমবার বিকেলে জেলা ও দায়রা জজ আদালতের সম্মেলন কক্ষে কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি বিজ্ঞ জেলা ও দায়রা জজ মো. জামাল হোসেন।

ঠাকুরগাঁও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির আয়োজনে অনুষ্ঠিত কর্মশালায় বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাঃ জালাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য দেন প্রধান অতিথি বিজ্ঞ জেলা ও দায়রা জজ মো. জামাল হোসেন।

৩ দিন ব্যাপী কর্মশালায় প্রশিক্ষক হিসেবে রয়েছেন বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো: শরিফুল ইসলাম, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রহিমা খাতুন, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রাজীব কুমার রায়, বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো: তাহমীদুর রহমান, বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো: মাহবুব-উল-ইসলাম। এ সময় ঠাকুরগাঁও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এর সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত থেকে কর্মশালায় অংশ নেন।